খুলনায় ৭৫ কলেজের শিক্ষার্থী নিয়ে বেষ্ট ট্যালেন্ট প্রতিযোগিতা

২০১৯ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ খুলনায় ৭৫টি কলেজের প্রায় ৫শ’ শিক্ষার্থী নিয়ে ‘বেষ্ট ট্যালেন্ট, খুলনা- ২০১৯’ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। শনিবার খুলনার নর্দান ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি’র উদ্যোগে বিশ্ববিদ্যালয় অডিটোরিয়ামে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

এতে লিখিত প্রশ্নোত্তর পর্বে ১০ জন সেরা মেধাবীকে বাছাই ও পুরস্কৃত করা হয়। শিক্ষার্থীদের মেধা বিকাশে উৎসাহ যোগাতে এ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এতে প্রধান অতিথি ছিলেন পুলিশের খুলনা রেঞ্জ ডিআইজি ড. খন্দকার মহিদ উদ্দিন।
বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর মোহাম্মদ জাহিদ হোসেনের সভাপতিত্বে বক্তৃতা করেন কুয়েট’র অধ্যাপক ড. মোহাম্মদ নুরুন্নবী মোল্লা, খুলনা পাবলিক কলেজের অধ্যক্ষ লে. কর্ণেল ইয়ার মোহাম্মদ মোরশেদ আলম ও পরীক্ষা নিয়ন্ত্রক এসএম মনিরুল ইসলাম।

ট্যালেন্ট সার্চ প্রতিযোগিতায় ১ম স্থান অধিকারীকে ল্যাপটপ কম্পিউটার, ২য় স্থান অধিকারীকে ট্যাবলেট কম্পিউটার ও ৩য় স্থান অধিকারীকে ১টি স্মার্টফোন পুরস্কার দেওয়া হয়। ৪র্থ থেকে ১০ম স্থান পর্যন্ত অধিকারীকে সম্মাননা ক্রেস্টসহ বিশেষ পুরস্কার প্রদান করা হয়। মেধা প্রতিযোগিতায় ১ম স্থান আধিকার করে সেরা ট্যালেন্ট খুলনা -১৯’ খেতাব অর্জন করেন খুলনা সরকারী এম.এম সিটি কলেজ এর ছাত্র মো. নুরুন্ন